দৈনিক সংবাদ

তারিখ ... FEB 11 2000 ..
পৃষ্ঠা 9 কলাম 2

U

রাবি অনার্স প্রথম বর্ষ

# ভর্তি পরীক্ষায় প্রক্সি দেয়ার অভিযোগে ৮ দিনে ১২ পরীক্ষার্থী বহিষ্কৃত

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় প্রক্সি দেয়ার অভিযোগে গত আট দিনে ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এদের মধ্যে একজন ঢাকা বিশ্ববিদ্যালয়, একজন রাজশাহী বিআইটি ও একজন গাজীপুর আইআইটির ছাত্র। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে জানাবেন বলে বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ডঃ আবদুল মোতালেব জানান।

প্রোক্টর জানান, আইন বিভাগের ভর্তি পরীক্ষায় জালিয়াতির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের প্রথম বর্ষের ছাত্র মোঃ আবদুর রহমান অংশ নেয়। তার কাছ থেকে বিভিন্ন সাইজের বিভিন্ন মানুষের ছবিও উদ্ধার করা হয়েছে। একই বিভাগ থেকে সঞ্জয় কুমার রায়, তপতী সাহা, সমাজকর্মের মোক্তাদির রহমান, বাংলায় আহসানুল কিবরিয়া, মোঃ আবদুল বাসেদ, উদ্ভিদ বিজ্ঞানে এম ওমর ফারুক, কামরুজ্জামান শাহ, প্রাণ রসায়নে এ, এস, এম রাশেদ হাসান (রাজশাহী বিআইটির ছাত্র) গণিত বিভাগের ভর্তি পরীক্ষায় রেজাউর রহমান শামীম (আইআইটির ছাত্র) ও জামাল উদ্দীনকে বহিষ্কার করা হয়।

উল্লেখ্য, গত ১লা ফেব্রুয়ারি থেকে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে।